



**USAID**  
আমেরিকার জনগণের পক্ষ থেকে



## নবযাত্রা কর্মসূচীর অনুষ্ঠানিক উদ্বোধনীর সংবাদ বিজ্ঞপ্তি

নবযাত্রা - ইউএসএইড'র ফুড ফর পিস টাইটেল টু ডেভেলপমেন্ট ফুড এসিসট্যান্স প্রোগ্রাম বাংলাদেশ এর অনুষ্ঠানিক উদ্বোধন-

খুলনা ৩০ নভেম্বর, ২০১৬- আজ খুলনায় আমেরিকান সরকারের আন্তর্জাতিক উন্নয়ন সংস্থা ( ইউএসএইড ) এর ফুড এসিসট্যান্স প্রোগ্রামের অর্থায়নে পাঁচ বছর মেয়াদী নবযাত্রা কর্মসূচীর অনুষ্ঠানিক উদ্বোধন হয়েছে। এই কর্মসূচীর লক্ষ্য হলো- খুলনা বিভাগের অধীনে খুলনা ও সাতক্ষীরা জেলার অন্তর্গত চারটি উপজেলার ঝুঁকিপূর্ণ জনগোষ্ঠীর মাঝে পাঁচ বছর ব্যাপী নারী পুরুষের অংশগ্রহণে খাদ্য নিরাপত্তা, পুষ্টি এবং দুর্যোগ সহনশালীতার উন্নতি সাধন। বাংলাদেশের দক্ষিণ পশ্চিম উপকূলীয় খুলনা জেলার দাকোপ ও কয়রা এবং সাতক্ষীরা জেলার কালিগঞ্জ ও শ্যামনগর উপজেলায় নবযাত্রা কর্মসূচী বাস্তবায়িত হবে, যা ফিড দা ফিউচার জোন হিসেবেও চিহ্নিত। এই কর্মসূচীর মাধ্যমে অত্র এলাকার ৮,৫৬,১১৬ জন সুবিধাভোগীকে প্রত্যক্ষভাবে বিভিন্ন সেবা প্রদান করা হবে।

উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের দুর্যোগ ব্যবস্থাপনা এবং ত্রাণ মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী মোফাজ্জল হোসেন চৌধুরী মায়া, বীরবিক্রম, এমপি; যুক্তরাষ্ট্রের রাষ্ট্রদূত মার্শিয়া বার্নিকাট এবং ইউএসএআইডি'র বাংলাদেশ মিশনের পরিচালক ইয়ানিনা জারুজেলস্কি। আরো উপস্থিত ছিলেন দুর্যোগ ব্যবস্থাপনা এবং ত্রাণ মন্ত্রণালয়ের সচিব মহোদয়সহ বাংলাদেশ সরকারের বিশিষ্ট উচ্চপদস্থ কর্মকর্তাগণ, জাতীয় ও আন্তর্জাতিক এন জি ও, কর্মসূচী বাস্তবায়নকারী সহযোগী সংগঠন, জাতীয় ও আঞ্চলিক মিডিয়া এবং জাতীয় পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠান সমূহের গণ্যমান্য ব্যক্তিবর্গ।

ইউএসএআইডি'র নবযাত্রা কর্মসূচী অংশীদারিত্বের ভিত্তিতে ওয়ার্ল্ড ভিশন বাংলাদেশ এর নেতৃত্বে ওয়ার্ল্ড ফুড প্রোগ্রাম, উইনরক ইন্টারন্যাশনাল এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের সহযোগীতায় বাস্তবায়িত হবে। বাংলাদেশে বর্তমানে জলবায়ুর ক্রমান্বয়িক পরিবর্তনের প্রভাবে দুর্যোগের মাত্রা বেড়ে যাওয়ার কারণে দক্ষিণ পশ্চিম উপকূলীয় এলাকার স্থানীয় জনমানুষের নাজুকতা ও ঝুঁকি বেড়ে গিয়েছে। মাটি ক্ষয় এবং লবণাক্ততা বৃদ্ধি তথা ভূ-পৃষ্ঠস্থ পানি দূষণের কারণে জনমানুষের খাদ্য নিরাপত্তায় বিরূপ প্রভাব ফেলেছে। এই প্রেক্ষাপটের ভিত্তিতে, ওয়ার্ল্ড ভিশন দারিদ্র সীমার নিচে বসবাসকারী পরিবারের জীবন মান উন্নয়নে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, কর্মসূচী বাস্তবায়নকারী সহযোগী সংগঠন এবং স্থানীয় সহযোগী এনজিওদের সাথে নিম্নোক্ত বিষয়ে ঘনিষ্ঠভাবে কাজ করবে। এই কর্মসূচীর কর্মপরিকল্পনায় - পানি, পয়ঃনিষ্কাশন ও স্বাস্থ্যবিধি

এবং মা- শিশুর স্বাস্থ্য ও পুষ্টি সম্পর্কিত জ্ঞান ও সক্ষমতা বৃদ্ধি; কৃষি সংক্রান্ত এবং আয় বর্ধমূলক কার্যক্রম বৃদ্ধি; দীর্ঘস্থায়ী অপুষ্টি কে চিহ্নিত করণ এবং দুর্যোগকালীন পরিস্থিতিতে খাপ খাইয়ে নেওয়া ও উপশম করার সক্ষমতা বৃদ্ধি প্রভৃতি বিষয় অন্তর্ভুক্ত আছে। এই সকল উদ্যোগসমূহে জেভার সমতা এবং সামাজিক দায়বদ্ধতার ইস্যুকে জোরালো ভাবে চিহ্নিত করার মাধ্যমে সমাজের অগ্রযাত্রা আনয়নে সহায়ক পরিবেশ তৈরীতে ভূমিকা পালন করবে।

স্বাগত বক্তব্য এ ওয়ার্ল্ড ভিশন বাংলাদেশ এর ন্যাশনাল ডিরেক্টর সকলের দৃষ্টি আকর্ষণ করে উল্লেখ করেন যে, ওয়ার্ল্ড ভিশন বাংলাদেশ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের ভিশন ২০২১ এর লক্ষ্য অর্জনে একযোগে কাজ করে যাচ্ছে, যাতে করে ২০২১ সালের মধ্যে বাংলাদেশ অর্থনৈতিক ক্ষেত্রে নিম্নআয়ের দেশ থেকে মধ্য আয়ের দেশে উন্নীত হয়। টেকসই উন্নয়ন এবং দুর্যোগ সহনশালীতা বাড়ানোর মাধ্যমে ঝুঁকিপূর্ণ জনগোষ্ঠীর জীবন মান উন্নয়নে নবযাত্রা সরকারের সাথে বৃহত্তর লক্ষ্যের সাথে একাত্মতা পোষণ করে।

বাংলাদেশে নিযুক্ত যুক্তরাষ্ট্রের রাষ্ট্রদূত মার্শিয়া বার্নিকাট তার বক্তব্যে বলেন যে, নবযাত্রা ইএসএআইডি'র ফুড ফর পিস - এর অংশ হিসেবে খাদ্য অনিরাপত্তা ও অপুষ্টি হ্রাস এবং প্রাকৃতিক দুর্যোগ মোকাবেলার ক্ষেত্রে সক্ষমতা বৃদ্ধির জন্য কাজ করবে। তিনি আরও উল্লেখ করেন যে, এই সকল চাহিদা সমূহ পূরণের লক্ষ্যে সরকারের সকল পর্যায় থেকে এনজিও এবং সুশীল সমাজের মধ্যে সমন্বয়ের মাধ্যমে কৌশল অবলম্বন করতে হবে, যাতে করে বাংলাদেশ আরও শক্তিশালী এবং অধিকতর সক্ষম রাষ্ট্রে উন্নীত হয়।

অনুষ্ঠানের প্রধান অতিথি, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের দুর্যোগ ব্যবস্থাপনা এবং ত্রাণ মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী মোফাজ্জল হোসেন চৌধুরী মায়া, বীরবিক্রম, এমপি নবযাত্রা কর্মসূচীর উদ্বোধন ঘোষণা করেন। মাননীয় মন্ত্রী তাঁর বক্তব্যে নবযাত্রা কর্মসূচীর লক্ষ্য অর্জনে বাংলাদেশ সরকারের সকল ধরনের সহযোগীতা প্রদানের কথা জোরালোভাবে ব্যক্ত করেন যাতে করে, এই কর্মসূচীর মধ্য দিয়ে কর্ম এলাকার ৮৫৬,১১৬ জন সুবিধাভোগীর জীবনে দৃশ্যমান পরিবর্তন সাধিত হয়।

